দৈনিক বাংলা



২১।৩।৮০




প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান সোমবার ঢাকায় মুসলিম বিশ্বের শিক্ষা সংস্কৃতি শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে ভাষণ দেন।

### আন্তর্জাতিক সম্মেলনে প্রধানমন্ত্রী

# ইসলামই বিশ্বে শান্তি আনতে পারে

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেছেন যে ইসলামী শিক্ষা, ইসলামী আদর্শ আর মূল্যবোধ চর্চার মাধ্যমেই কেবল সংঘাত, যন্ত্রণা, অস্ত্র প্রতিযোগিতা, আর ধ্বংসসংকুল পৃথিবীতে স্থায়ী শান্তি আনা সম্ভব। খবর বাসসের।

(শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## শান্তি আনতে পারে

(১ম পৃঃ পর)

তিনি বলেন, সমাজবাদ ও বস্তুবাদের ধারণা দিয়ে জনগণের সমস্যার কোন সমাধান এবং সংঘাতসংকুল পৃথিবীর উত্তেজনা প্রশমন করা যাবে না।

প্রধানমন্ত্রী ঢাকায় মুসলিম বিশ্বের শিক্ষা ও সংস্কৃতি সম্পর্কিত তিন–দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের সমাপ্তি দিবসে গতকাল ভাষণ দান–কালে একথা বলেন।

গতকালের অধিবেশনের চেয়ারম্যান ছিলেন ডঃ কামিল বাকির। উপস্থিত ছিলেন বিশ্বের বিভিন্ন দেশের প্রখ্যাত পন্ডিতগণ।

শাহ আজিজুর রহমান বলেন, বর্তমান বিশ্বের বাস্তবিক ও সংস্কৃতিক পুনর্জাগরণের জন্য ইসলামী আদর্শের প্রেরণা সবচেয়ে মুখ্য উপাদান। ইসলাম কেবলমাত্র একটি ধর্মই নয়, এটি মানব জীবনের একটি পূর্ণাঙ্গ বিধান। কোরান হিকমত ও মননশীলতার এক সুসংবদ্ধ রূপ এবং এতে ন্যায় বিচারের বিশ্বজনীন কাঠামো রয়েছে, কেবল ইসলামী আদর্শই উত্তেজনা হ্রাস করে বিশ্বে শান্তি ও স্থিতিশীলতা আনতে পারে বলেও তিনি মত প্রকাশ করেন।

পবিত্র কোরানের উদ্ধৃতি দিয়ে শাহ আজিজুর রহমান বলেন, আল্লাহ তায়ালা সক্ষম মুসলমান জাতিসমূহের উদ্বৃত্ত সম্পদ স্বল্পোন্নত মুসলিম দেশসমূহের কল্যাণে নিয়োজিত করার নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, এটি নয়া আন্তর্জাতিক অর্থনৈতিক ব্যবস্থার ধারণা সংহত করার পথে সহায়ক হবে। প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মুসলিম গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে বাংলাদেশ তৃতীয় বিশ্বে জোটনিরপেক্ষ শীর্ষ সম্মেলনে কমনওয়েলথে এবং সর্বোপরি ইসলামী সম্মেলনে কার্যকরী ভূমিকা রাখছে।

তিনি সম্মেলনে অংশ গ্রহণকারীদের প্রতি ইসলামী ভ্রাতৃত্ব জোরদার করার আহবান জানান।